# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৪৮

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ সন্তান বা নাতি মৃত্যুবরণ করার কারণে কান্না করা জায়েয, যদি তাকদীরের ফায়সালার প্রতি বিরাগভাজন হয়ে কান্না করা না হয়

## ذِكْرُ إِبَاحَةِ بُكَاءِ الْمَرْءِ عِنْدَ فَقْدِهِ وَلَدَهُ أَوْ وَلَدَ وَلَدِهِ مَا لَمْ يُخَالِطِ الْبُكَاءَ حالة التسخط

আরবী

3148 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ خَازِمٍ قَالَ: حَدَّثَنَا عَاصِمٌ عَنْ أَبِي عُثْمَانَ عَنْ أُسَامَةَ بْنِ زَيْدٍ قَالَ: أَمَرَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَتَيْتُهُ بِابْنَةِ زَيْنَبَ وَنَفْسُهَا تَقَعْقَعُ كَأَنَّهَا فِي شَنٍّ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لِلَّهِ مَا أَخَذَ وَلَهُ مَا أَعْطَى وَكُلٌّ إِلَى أَجَلٍ) قَالَ: فَدَمَعَتْ عَيْنَاهُ فَقَالَ لَهُ سَعْدُ بْنُ عُبَادَةَ: يَا رَسُولَ اللَّهِ أتبكي أَوَلَمْ تَنْهَ عَنِ الْبُكَاءِ؟ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّمَا هِيَ رَحْمَةٌ جَعَلَهَا اللَّهُ فِي قُلُوبِ عِبَادِهِ وَإِنَّمَا يَرْحَمُ اللَّهُ من عباده الرحماء)

الراوي : أُسَامَة بْن زَيْدٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3148 | خلاصة حكم المحدث: صحيح: ق.

বাংলা

৩১৪৮. উসামাহ বিন যাইদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে আদেশ করেন, ফলে আমি তাঁর কাছে যায়নাব রাদ্বিয়াল্লাহু আনহার মেয়েকে নিয়ে আসি, এসময় তার প্রাণ পুরাতন মশকে (পানি ঢালার) ন্যায় আওয়াজ করছিল। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “যা তিনি গ্রহণ করেন, সেটা তাঁরই জন্য এবং তিনি যা প্রদান করেন, সেটাও কেবল তাঁরই জন্য। আর প্রত্যেকের জন্য একটি নির্ধারিত সময় রয়েছে। অতঃপর তাঁর চোখ অশ্রুসজল হয়ে যায়। তখন সা‘দ বিন উবাদাহ রাদ্বিয়াল্লাহু আনহু তাঁকে বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আপনিও কান্না করছেন, আপনি কি কান্না করতে নিষেধ করেননি?” জবাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “নিশ্চয়ই এটা দয়ার বহিঃপ্রকাশ,

আল্লাহ এটি তাঁর বান্দাদের অন্তরে রেখে দিয়েছেন। নিশ্চয়ই আল্লাহ তাঁর বান্দাদের মাঝে দয়াশীলদের প্রতিই দয়া করেন।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/২০৪; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৩৯২-৩৯৩; সহীহ মুসলিম: ৯২৩; সুনান বাইহাকী: ৪/৬৮; আত তায়ালিসী: ৬৩৬; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৬৬৭০; সহীহুল বুখারী: ১২৮৪; নাসাঈ: ৪/২১-২২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকাতুল হিসান: ৩১৪৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উসামাহ ইবনু যায়দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92478

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন